

তারিখ ... ..  
 পৃষ্ঠা ৬ কলাম ... ..

## রাজশাহী আইবিএস-এর পরিচালক কে?

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা, রাজশাহী : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ (আইবিএস)-এর পরিচালক না হয়েও এক জামাতি শিক্ষক নিজেকে আইবিএসের পরিচালক হিসেবে পরিচয় দিচ্ছেন বলে অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের সকল মহলে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করেছে। জানা যায়, আইবিএসের বর্তমান পরিচালক হচ্ছেন অধ্যাপক ড. শ্রীতি কুমার মিত্র। অথচ খুলনা বিশ্ববিদ্যালয়ের চলতি বছরের ডায়েরিতে পরিচালক হিসেবে উল্লেখ করা হয়েছে আইবিএসের শিক্ষক ড. এম. জয়নুল আবেদিনকে। তিনি ওই বিশ্ববিদ্যালয়ের একজন সিন্ডিকেট সদস্য। সংশ্লিষ্ট মহলের ধারণা ড. আবেদিন নিজে পরিচালক হিসেবে পরিচয় না দিলে খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের ডায়েরিতে তাকে পরিচালক হিসেবে উল্লেখ করত না।

এ ব্যাপারে ড. আবেদিনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টি সংশোধন করে নিয়েছে। তিনি বলেন, আমি মূলত আগামী পয়লা জানুয়ারি পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করব। তাই খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ধারণা ছিল আমিই আইবিএসের পরিচালক। তাছাড়া এখন পরিচালক হিসেবে ওই বিশ্ববিদ্যালয় থেকে আমার কাছে আর নির্দেশ আসে না।